



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৪১.২০১৯/১৬০৬/৬

তারিখ: ০২/১১/২০২১খ্রি.

বিষয়ঃ কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন ভিতরবন্দ স্নাতক মহাবিদ্যালয়ের অধ্যক্ষের এমপিওভুক্তি।

সূত্রঃ : ১, কলেজের স্মারক নং- ভি,ম/৭০/২০২১, তারিখ: ০১/০৯/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন ভিতরবন্দ স্নাতক মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব মো: মিজানুর রহমান ২৮ মার্চ, ২০২১ সালের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা শিথিল হওয়ায় এমপিও কপিতে নাম অন্তর্ভুক্ত করে বকেয়াসহ বেতন ভাতা প্রদানের আবেদন করেছেন। তিনি অধ্যক্ষ পদে ০১/১১/২০১৬ খ্রি. তারিখে যোগদান করে অদ্যাবধি দায়িত্ব পালন করে আসছেন। অধ্যক্ষ পদে এমপিওভুক্তির জন্য বিভিন্ন সময়ে আবেদন করে কাম্য অভিজ্ঞতা না থাকার কারণে আবেদনগুলি বিবেচনায় না নিয়ে সেপ্টেম্বর/২০১৮ খ্রি. এমপিও কপি থেকে নাম মুছে দেওয়া হয়। সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা/২০২১ এর ১১.২ অনুচ্ছেদে কাম্য অভিজ্ঞতার বিষয়টি শিথিল হওয়ায় অধ্যক্ষ পদে পূর্বের ইনডেক্স বহাল রেখে বকেয়াসহ বেতনভাতার জন্য আবেদন করেছেন।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১-এর ১১.২ ধারাটি নতুন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে কর্মরতদের বুঝানো হয়েছে। ভিতরবন্দ স্নাতক মহাবিদ্যালয়ে অধ্যক্ষ একটি পুরাতন বা বিদ্যমান এমপিওভুক্ত কলেজে নতুন নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে কাম্য অভিজ্ঞতার ঘাটতি নিয়ে যোগদান করেছেন।

এমতাবস্থায়, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন ভিতরবন্দ স্নাতক মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব মো: মিজানুর রহমান-এর এমপিও জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১-এর ১১.২ ধারা উক্ত অধ্যক্ষের ক্ষেত্রে প্রযোজ্য না হওয়ায় তাঁর এমপিওভুক্তির সুযোগ নেই।

Signature 1.11.21

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

ভিতরবন্দ স্নাতক মহাবিদ্যালয়

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
২. সভাপতি, পরিচালনা পরিষদ, ভিতরবন্দ স্নাতক মহাবিদ্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম;
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা; (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম;
৬. সংরক্ষণ নথি।